

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
আইন শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২১.৩৪৭

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৯

১৫ ডিসেম্বর ২০২২

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগে কনটেম্পট পিটিশন নং-৫১৬/২০২২ (রিট পিটিশন নং-৬৮২২/২০২২ হতে উদ্ভূত) মামলা পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার বর্ডার গার্ড পাবলিক স্কুল এন্ড কলেজ-এর সহকারী শিক্ষা (শরীর চর্চা) জনাব মোঃ আব্দুস সাত্তার ভূইয়া বেতনের সরকারি অংশ প্রাপ্তির জন্য মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং- ৬৮২২/২০২২ মামলা দায়ের করেন। মহামান্য হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৬৮২২/২০২২ মামলায় গত ০৬ জুন ২০২২ তারিখে নিম্নরূপ রায় প্রদান করেন (কপি সংযুক্ত) :

Pending hearing of the Rule, the respondents are directed to ensure the subsistence allowance of the petitioner from February, 2020, in view of the memo No. 37.00.0000.072.31.007.15.694 dated 06.08.2017 issued by the respondent No. 1 (annexure-M) with in 30 (thirty) days from the date of receipt of this order.

মহামান্য হাইকোর্ট বিভাগের কনটেম্পট পিটিশন নং-৫১৬/২০২২ (রিট পিটিশন নং-৬৮২২/২০২২ হতে উদ্ভূত) সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় ১নং বিবাদী হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে সেহেতু সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষে মামলা পরিচালনার জন্য উপর্যুক্ত বর্ণনার আলোকে নিম্নবর্ণিত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- কনটেম্পট পিটিশন নং-৫১৬/২০২২ (রিট পিটিশন নং-৬৮২২/২০২২ হতে উদ্ভূত) মামলাটি সরকার পক্ষে পরিচালনার জন্য সলিসিটর উইং এর সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগকরণ;
- উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ;
- কনটেম্পট মামলার জবাব ইতোমধ্যে প্রদান করা না হয়ে থাকলে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদনকরণ;
- কনটেম্পট মামলার দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ; এবং
- উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে এ বিভাগকে অবহিতকরণ।

১৫-১২-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

মহাপরিচালক

মহাপরিচালকের দপ্তর  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর


ইমেইল: law.section1@shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.৫৯.০০১.২১.৩৪৭/১(৪)

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৯  
১৫ ডিসেম্বর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩) তথ্য ও জনসংযোগ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



১৫-১২-২০২২

মো: আব্দুল জলিল মজুমদার  
সহকারী সচিব